

শিক্ষা খাতে ২১ হাজার ৪০৮ কোটি টাকা বরাদ্দ

নিম্নলিখিত বার্তা পরিবেশক

২০১২-১৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে উন্নয়ন ও অনুন্নয়ন খাত মিলিয়ে শিক্ষা খাতে ২১ হাজার ৪০৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। শিক্ষা ও প্রযুক্তি খাতে বরাদ্দ করা হয়েছে, ২২ হাজার ১৪৫ কোটি টাকা। বাজেটে মোট বরাদ্দের ১১ দশমিক ৫ শতাংশ বরাদ্দ দেয়া হয়েছে শিক্ষা ও প্রযুক্তি খাতে। এটি দ্বিতীয় সর্বোচ্চ বরাদ্দ।

শিক্ষায় গত বাজেটের তুলনায় মোট অর্থ বরাদ্দের পরিমাণ বেড়েছে। কিন্তু বাজেটে শতাংশ হারে পরিমাণ কম গিয়েছে। গত বছর মোট বাজেটের ৬ দশমিক ৬৩ শতাংশ শিক্ষায় বরাদ্দ ছিল। এবার শিক্ষায় ৬ দশমিক ০৪ শতাংশ বরাদ্দ দেয়ার প্রস্তাব করা হয়েছে।

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে উন্নয়ন খাতে চলতি অর্থবছরের চেয়ে আগামী অর্থবছরে বরাদ্দ প্রায় বিগুন রাখা হয়েছে। শিক্ষা খাতে ২০১১-১২ অর্থবছরের বাজেটে ১৯ হাজার ৮৩৭ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছিল। ২০১০-১১ অর্থবছরে বরাদ্দের পরিমাণ ছিল ১৭ হাজার ৯৫৯ কোটি টাকা।

প্রস্তাবিত বাজেটে কেবল শিক্ষা মন্ত্রণালয়ে অধীনে ১১ হাজার ৫৮৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে অনুন্নয়ন খাতে ৯ হাজার ২৯ কোটি এবং উন্নয়ন খাতে দুই হাজার ৫৫৪ কোটি টাকা। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাজেটে ৯ হাজার ৮২৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে অনুন্নয়ন খাতে ৫ হাজার ৪৪৩ এবং উন্নয়ন

শিক্ষা : খাতে

(১৬ পৃষ্ঠার পর)

খাতে চার হাজার ৩৮২ কোটি টাকা রয়েছে।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে আগামী অর্থবছরে ৩৭০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। এর মধ্যে অনুন্নয়ন খাতে ১৯৮ এবং উন্নয়ন খাতে ১৭২ কোটি টাকা রয়েছে।

বাজেট বিশ্লেষণে দেখা গেছে, শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে উন্নয়ন খাতে চলতি অর্থবছরের চেয়ে নতুন অর্থবছরে বিগুন বেড়েছে। শিক্ষা মন্ত্রণালয়ে চলতি অর্থবছরে যেখানে এক হাজার ৯৭৬ কোটি টাকা বরাদ্দ দেয়া, হতোছিল, সেখানে আগামী অর্থবছরে এই মন্ত্রণালয়ের অধীনে একই খাতে বরাদ্দের প্রস্তাব করা হয়েছে দুই হাজার ৫৫৪ কোটি টাকা। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে চলতি অর্থবছরে যেখানে দুই হাজার ৪৬০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল, সেখানে আগামী অর্থবছরে এই মন্ত্রণালয়ের অধীনে একই খাতে বরাদ্দ রাখা হয়েছে চার হাজার ৩৮২ কোটি টাকা।

বাজেট প্রতিক্রিয়ায় শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. আফছারুল আমীন বলেছেন, বাজেটের বরাদ্দ মোটামুটি সন্তোষজনক।

শিক্ষামন্ত্রী বলেন, বাজেটে জাতীয় লক্ষ্য যেভাবে নির্ধারণ করা হয়েছে ঠিক সেভাবেই শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করা হয়েছে। তিনি বলেন, আমাদের সম্পদ সীমাবদ্ধ কিন্তু চাহিদা অনেক বেশি। ফলে বিনিয়োগ বেশি করা সম্ভব হয় না। বাজেটে যা প্রস্তাব করা হয়েছে তা দিয়েই অনেক কাজের বাস্তবায়ন করা হবে। এরপরও প্রয়োজন হলে টাকা পাওয়া যাবে। যে টাকা বরাদ্দ রাখা হয়েছে তার সদ্যবহার করতে সর্বোচ্চ চেষ্টা করা হবে। বিশেষ করে এ টাকার মাতে কোন অপচয় না হয় সেদিকে তড়া নজরদারি থাকবে বলেও শিক্ষামন্ত্রী জানান।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেছেন, আমি মনে করি আমার মন্ত্রণালয়ে যথেষ্ট বরাদ্দ দেয়া হয়েছে। এ টাকা যদি খরচ করতে পারি তাহলে ভবিষ্যতে আরও টাকা পাব।

শিক্ষা : পৃষ্ঠা : ২ ক : ৪